লক্ষ্যের লক্ষ্যে নির্ভীক THE DAILY JUGANTOR
যুগান্তর

25 May, 2018, Friday

জাতীয় বিশ্ববিদ্যালয়

# ডিগ্রি ৩য় বর্ষ (পাস) পরীক্ষার ফল প্রকাশ

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফল বৃহস্পতিবার সন্ধ্যায় প্রকাশ করা হয়েছে। এতে উত্তীর্ণের হার ৫৩.১৮ শতাংশ।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) মো. ফয়জুল করিম জানান, দেশের ১৭২১টি কলেজের ৬৯১টি কেন্দ্রে ১ লাখ ৪৫ হাজার ৫৭২ জন (নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়নসহ) পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করে ৭৭ হাজার ৪০৫ জন উত্তীর্ণ হয়েছেন। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও কলেজভিত্তিক ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd ও www.nubd.info থেকে এবং যে কোনো মোবাইল ফোনে মেসেজ অপশনে গিয়ে nu<space>deg <space>Reg. No লিখে 16222 নম্বরে Send করে ফল পাওয়া যাবে।